



করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর বিস্তার রোধকল্পে জেলা প্রশাসকদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: শফিকুর রেজা বিশ্বাস
বিভাগীয় কমিশনার।
সভার তারিখ : ২৪/০১/২০২২ খ্রি।
সময় : সকাল ১০:৩০ টা।
সভার স্থান : অনলাইন প্ল্যাটফর্ম।

সভাপতি অনলাইন প্ল্যাটফর্মে সংযুক্ত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান, সম্প্রতি করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন-এর সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে। কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ সংক্রান্ত ২১ জানুয়ারি ২০২২ তারিখের নির্দেশাবলী সমূহ সভায় উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নির্দেশনাবলী সঠিকভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

১. শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কিত: ২১ জানুয়ারি ২০২২ থেকে আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সকল স্কুল, কলেজ ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকাকালীন শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে পাঠদান পরিচালনা করতে হবে। বিশ্ববিদ্যালয়গুলো নিজ নিজ ক্ষেত্রে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করবে।
২. বিভিন্ন অনুষ্ঠানসমূহ: সামাজিক/রাজনৈতিক/ধর্মীয়/রাষ্ট্রীয় অনুষ্ঠানে যারা যোগদান করবে তাদের টিকা সনদ/২৪ ঘন্টার মধ্যে পিসিআর সার্টিফিকেট প্রদর্শন করতে হবে।
৩. টিকা সনদ গ্রহণ: সরকারি/বেসরকারি অফিস, শিল্প কারখানাসমূহে কর্মকর্তা/কর্মচারীদের টিকা সনদ গ্রহণসহ গণপরিবহনের চালক ও সহকারীদের আবশ্যিক (কোভিড-১৯) টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে।
৪. মাস্ক ব্যবহার: বাজার/শপিং মল, মসজিদ, বাসস্ট্যান্ড, লঞ্চঘাট, রেলস্টেশনসহ সবধরণের জনসমাবেশে অবশ্যই মাস্ক ব্যবহারসহ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। বিষয়টি স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মনিটর করবে।
৫. মোবাইল কোর্ট: স্বাস্থ্যবিধি প্রতিপালনে ব্যত্যয় রোধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।
৬. হাসপাতালে সেবা নিশ্চিতকরণ: হাসপাতালে পর্যাপ্ত বেড এবং অক্সিজেন সরবরাহের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে। কোভিড রোগীদের স্থানীয় উপজেলা হাসপাতালে চিকিৎসা নিশ্চিত করতে হবে।
৭. স্বাস্থ্যবিধি প্রতিপালন সম্পর্কে প্রচার: স্বাস্থ্যবিধি প্রতিপালন সম্পর্কে মাইকে ব্যাপক প্রচার করতে হবে। তাছাড়া নামাজের পূর্বে ইমামগণ কর্তৃক স্বাস্থ্যবিধি প্রতিপালন ও মাস্ক পরিধানের বিষয়ে সচেতনতামূলক প্রচার করার জন্য উদ্বুদ্ধ করতে হবে। সরকারি নির্দেশনা মতে গণপরিবহনে স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শফিকুর রেজা বিশ্বাস)

বিভাগীয় কমিশনার

ময়মনসিংহ

ফোন: ০২৯৯৭৭১০২৪৭ (অফিস)

ই-মেইল: divcommymensingh@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৫.০০০০.০১২.১৮.০০২.২১-২২

তারিখ: ১০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর, ময়মনসিংহ বিভাগ।
২. অফিস কপি।

(মোঃ খবিবুল আহসান)

সহকারী কমিশনার

বিভাগীয় কমিশনারের কার্যালয়

ময়মনসিংহ।